বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ১০ জে, বিজ্ঞপ্তি তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
১৮ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ অধস্তন আদালতে শারীরিক উপস্থিতিতে শুধুমাত্র দেওয়ানি মোকদ্দমা/ মামলায় জরুরি দরখাস্তসমূহ এবং সাকসেশন মামলা শুনানি ও নিষ্পত্তি বিষয়ে প্র্যাকটিস নির্দেশনা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের জ্যেষ্ঠ বিচারপতিগণের সাথে আলোচনাক্রমে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি এবং শারীরিক ও সামাজিক দূরত্ব কঠোরভাবে অনুসরণ করে অধস্তন আদালতে শুধুমাত্র দেওয়ানি মোকদ্দমা/ মামলায় জরুরি দরখাস্তসমূহ এবং সাকসেশন মামলা শুনানি ও নিষ্পত্তি করা যাবে। এতদ্‌বিষয়ে বিজ্ঞ বিচারক এজলাস কক্ষে স্বাস্থ্যবিধি প্রতিপালনসহ সামাজিক দূরত্ব বজায় নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদ্ধতি নির্ধারণ করবেন এবং শুনানি সংক্রান্তে পরবর্তী আইনানুগ কার্যক্রম সম্পন্ন করবেন।

১। সংশ্লিষ্ট বিজ্ঞ বিচারক সাকসেশন মামলাসমূহ স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক সামাজিক ও শারীরিক দূরত্ব বজায় নিশ্চিত করে প্রয়োজনীয় সাক্ষ্য গ্রহণসহ চূড়ান্তভাবে নিষ্পত্তি করবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট আদালত সাকসেশন মামলা শুনানির জন্য প্রতিদিন একটি নির্দিষ্ট সময় নির্ধারণ করে শুনানি সম্পন্ন করবেন।

২। দেওয়ানি মোকদ্দমা/ মামলায় জরুরি দরখাস্তসমূহ এবং সাকসেশন মামলা শুনানি ও নিষ্পত্তির পদ্ধতি ও সময়সূচি এমনভাবে নির্ধারণ ও সমন্বয় করতে হবে যাতে আদালত প্রাঙ্গণে ও ভবনে ঝুঁকিপূর্ণ জনসমাগম না ঘটে। আদালত প্রাঙ্গণ ও এজলাস কক্ষে প্রত্যেককে কমপক্ষে ৬ (ছয়) ফুট শারীরিক দূরত্ব নিশ্চিত করতে হবে এবং সকল প্রকার জনসমাগম পরিহার করতে হবে। এজলাস কক্ষে একত্রে ৬ (ছয়) জনের অধিক লোকের সমাগম করা যাবে না। বর্ণিত শুনানিতে মোকদ্দমার/মামলার পক্ষসমূহের উপস্থিতির আইনগত আবশ্যকতা না থাকলে এজলাস কক্ষে শুধুমাত্র সংশ্লিষ্ট মোকদ্দমায়/মামলায় উভয়পক্ষে নিযুক্ত বিজ্ঞ আইনজীবী উপস্থিত থাকবেন।

৩। এজলাস কক্ষে প্রত্যেককে আবশ্যিকভাবে মুখাবরণ (Face Mask) পরিহিত অবস্থায় থাকতে হবে। আদালতে প্রবেশের সময় প্রত্যেক ব্যক্তির শারীরিক তাপমাত্রা পরীক্ষা করার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। এজলাস কক্ষে স্বাস্থ্যবিধি প্রতিপালনসহ শারীরিক দূরত্ব কঠোরভাবে বজায় নিশ্চিত করণার্থে তাৎক্ষণিক উদ্ভূত যে কোন পরিস্থিতি বিবেচনায় বিজ্ঞ বিচারক শুনানি করা থেকে বিরত থাকাসহ প্রয়োজনীয় আনুষঙ্গিক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-
১৮/০৭/২০২০
(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল।
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইল rg@supremecourt.gov.bd

স্মারক নং- ৩২৩১ এ, তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
১৮ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ ............................................................................ (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৪. মহানগর দায়রা জজ/ বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ.................................. (সকল)
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত.................................... (সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলম্যান্ট/নিম্নতম মজুরী বোর্ড/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল................................ (সকল)
৭. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জন নিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল............................ (সকল)
৮. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল................. (সকল)
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট........................................................................ (সকল)
১০. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ........................................................................ (সকল)
১১. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৩. নোটিশ বোর্ড।

১৮/০৭/2020
(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২